

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৬৫

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নামাযের ওয়াক্তসমূহ এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ।

بَابُ ذِكْرِ بَيَانِ الْمَوَاقِيتِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

বাংলা

৯৬৫(৪). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবদুল ওয়াহেদ ইবনে নাফে (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মদীনার মসজিদে প্রবেশ করলাম। মুয়াযযিন আসরের নামাযের আযান দিলো। তিনি বলেন, একজন প্রবীণ ব্যক্তি মসজিদে বসা ছিলেন। তিনি তাকে ভৎসনা করলেন এবং বললেন, আমার পিতা আমাকে অবহিত করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই নামায বিলম্ব করে পড়ার নির্দেশ দিতেন। তিনি বলেন, আমি তার সম্পর্কে (লোকজনকে) জিজ্ঞেস করলাম। তারা বলল, তিনি রাফে ইবনে খাদীজ (রাঃ)-র পুত্র আবদুল্লাহ।

এই আবদুল্লাহ ইবনে রাফে হাদীসশাস্ত্রে তেমন শক্তিশালী নন। এই হাদীস মূসা ইবনে ইসমাঈল আবদুল ওয়াহেদ (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন এবং তার উপনাম আবুর-রিমাহ' বললেন। তিনি ইবনে রাফে ইবনে খাদীজ (রহঃ)- এর নাম সম্পর্কে দ্বিমত পোষণ করেছেন এবং তার নাম আবদুর রহমান বলেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন